দৈনিক আমাদের সময়

02 SEP 2016
তারিখ ... ০২.০৯.২০১৬ ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# উচ্চশিক্ষা শেষে দেশে প্রত্যাবর্তনের আহ্বান ইউজিসি চেয়ারম্যানের

নিজস্ব প্রতিবেদক ●
বৃত্তিপ্রাপ্তদের বিদেশ থেকে উচ্চশিক্ষা ও অভিজ্ঞতা নিয়ে দেশে ফিরে দেশের সেবা এবং দেশ গঠনের আহ্বান জানিয়েছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অধ্যাপক আবদুল মান্নান। সম্প্রতি ইউজিসি মিলনায়তনে এ বছর কমনওয়েলথ বৃত্তিপ্রাপ্ত ও ফেলোদের নিয়ে উচ্চশিক্ষা পূর্ব ব্রিফিং অধিবেশনে তিনি এ আহ্বান জানান।

যুক্তরাজ্যের কমনওয়েলথ স্কলারশিপ কমিশনের (সিএসসি) পক্ষে এ ব্রিফিং অধিবেশনের আয়োজন করে ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ।

ইউজিসি চেয়ারম্যান বলেন, আমাদের দেশের মোট জনসংখ্যার ৪০ ভাগই তরুণ। এরাই দেশের সম্পদ।

এ বছর ৫১ জন মেধাবী কমনওয়েলথ বৃত্তিপ্রাপ্ত তরুণ ও ফেলো অংশগ্রহণ করেন ইউজিসির এ অনুষ্ঠানে।

অধিবেশনটি পরিচালনা করেন দক্ষিণ এশিয়ার আঞ্চলিক ব্যবস্থাপক (সিএসিইপি) তৌহিদুর রহমান। ব্রিফিং অধিবেশনে ৬ জন কমনওয়েলথ অ্যালামনাইও উপস্থিত ছিলেন। তারা তরুণ বৃত্তিপ্রাপ্তদের সঙ্গে নিজেদের যুক্তরাজ্যে উচ্চশিক্ষার মূল্যবান অভিজ্ঞতার কথা তুলে ধরেন।